**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
www.cbc.gov.bd

নথি নং-৫(১৩)৫৬/কাস-বন্ড/লাই:/এফ এন্ড জে/২০১০/ ৮২০৪ তারিখঃ ০৭.০৭.২০২১ খ্রিঃ

প্রেরক ঃ কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

প্রাপকঃ ১-৭। কমিশনার কাস্টম হাউজ,ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মংলা/আইসিডি, কমলাপুর, ঢাকা/ পানগাঁও, কেরানীগঞ্জ
কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৮-১৫। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা(পশ্চিম)/রংপুর/কুমিল্লা/ চট্টগ্রাম/ চট্টগ্রাম(আপিল)/রাজশাহী/খুলনা/সিলেট/যশোর।

বিষয় ঃ **মেসার্স এফ এন্ড জে এক্সেসরিজ, ৪৬৯, কুনিয়া, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর নামীয় প্রতিষ্ঠানের বিন আনলককরণ (BIN Unlock) প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স এফ এন্ড জে এক্সেসরিজ, ৪৬৯, কুনিয়া, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (বন্ড লাইসেন্স নং-৬৬৭/কাস-পিবিডব্লিউ/২০১০, তারিখ: ১৪/১১/২০১০ খ্রিঃ, মূসক নিবন্ধন নং-১৮০৭১০৩৩৬০২, তারিখ: ২৭.০৬.২০১৩, এবং ০০০১১৩৮০৩, তারিখ: ১৬/০৫/২০১৭ খ্রিঃ) নামীয় প্রতিষ্ঠানের ১৪.১১.২০১৪ খ্রিঃ হতে ১৩.১১.২০১৫ খ্রিঃ এবং ১৪.১১.২০১৫ খ্রিঃ হতে ১৩.১১.২০১৬ খ্রিঃ পর্যন্ত নিরীক্ষাকালীন সময়ে ২০ টি স্থানীয় ব্যাক টু ব্যাক এলসির বিপরীতে বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্যের রপ্তানি মূল্য বেদেশিক মুদ্রার পরিবর্তে স্থানীয় মুদ্রায় পরিশোধ করায় উক্ত কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক-করাদি বাবদ ৩৪,১৮,৯০২.৫২ (চৌত্রিশ লক্ষ আঠার হাজার নয়শত দুই দশমিক পাঁচ দুই) টাকা এবং আরোপিত অর্থদন্ড বাবদ ৯,০০,০০০.০০ (নয় লক্ষ) টাকা সহ সর্বমোট দাবীকৃত ৪৩,১৮,৯০২.৫২ ( তেতাল্লিশ লক্ষ আঠার হাজার নয়শত দুই দশমিক পাঁচ দুই ) টাকা সূত্রোক্ত ০১ নং পত্রের মাধ্যমে বিচারাদেশ নং-৫৯/বন্ড সার্কেল-০৩/২০১৭, তারিখ: ২২.১১.২০১৭ খ্রিঃ এর মাধ্যমে পরিশোধের জন্য বিচারাদেশ জারি করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উক্ত বিচারাদেশের বিপরীতে মাননীয় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনালে আপীল করেন (আপীল মামলা নং-৭৫৬/২০১৭)। কিন্তু মাননীয় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল কর্তৃক প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দায়েরকৃত আপীল মামলাটি নামঞ্জুর করে এ দপ্তর কর্তৃক প্রদত্ত বিচারাদেশ নং-৫৯/বন্ড সার্কেল-০৩/২০১৭, তারিখ: ২২.১১.২০১৭ খ্রিঃ বহাল ও বলবৎ রাখা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ মাননীয় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনালের উক্ত আদেশের বিরুদ্ধে মাননীয় সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনে আপিল করেন ( আপীল নং-৩০৯, তারিখ: ১২/০৪/২০২১ খ্রিঃ)।

০৩। এমতাবস্থায়, মেসার্স এফ এন্ড জে এক্সেসরিজ, ৪৬৯, কুনিয়া, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (বন্ড লাইসেন্স নং-৬৬৭/কাস-পিবিডব্লিউ/২০১০, তারিখ: ১৪/১১/২০১০ খ্রিঃ, মূসক নিবন্ধন নং-১৮০৭১০৩৩৬০২, তারিখ: ২৭.০৬.২০১৩, এবং ০০০১১৩৮০৩, তারিখ: ১৬/০৫/২০১৭ খ্রিঃ) নামীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উক্ত আদেশের বিরুদ্ধে মাননীয় সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনে আপীল করায় উক্ত মামলাটি মাননীয় সুপ্রিম কোর্টের হাইকোর্টে বিচারাধীন থাকায় প্রতিষ্ঠানটির বিন আনলক (BIN Unlock)/কার্যকর করার আদেশ দেওয়া হলো।

০৬/৭/২১

প্রাপকঃ ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স এফ এন্ড জে এক্সেসরিজ,
৪৬৯, কুনিয়া, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

[ কাজী মোস্তাফিজুর রহমান ]
কমিশনার

নথি নং-৫(১৩)৫৬/কাস-বন্ড/লাই:/এফ এন্ড জে/২০১০/ ৮২০৪ (১-৬) তারিখঃ ০৭.০৭.২০২১ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ**

১। সভাপতি, বিজিএপিএমইএ, সোনারতরী টাওয়ার (১০ম তলা), লিংক রোড, বাংলা মোটর, ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (তাকে প্রতিষ্ঠানটির বিন আনলক করার জন্য অনুরোধ করা হলো)।
৩। ব্যবস্থাপক, উত্তরা ব্যাংক লিঃ, লোকাল অফিস, ঢাকা।
৪। ব্যবস্থাপক, পূবালী ব্যাংক লিঃ, নয়াপল্টন শাখা, ঢাকা।
৫। ইউপি শাখা-১/২।
৬। পি.এ. টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭/৭/২০২১

[ মোঃ মনিরুল হক সরকার ]
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে।

H:\++Bond Circle_3\+Letter+Note _ Format\Bin Unlock\F and J\1. F and J_BIN_Unlock.doc